

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়াকৈর, গাজীপুর
www.kaliakair.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩২.০০০.১৬.০১৬.২০-৬৬০ (৪১)

তারিখ : ১৩/১১/২০২৪খ্রি.

বিষয় : ছাত্র জনতার গনঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থাকরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর ডিউশিয়াল মুন্সিখানা শাখা ১১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.১০২০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের গণবিজ্ঞপ্তিটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১ ফর্দ।

স্বাক্ষর

কাউছার আহাম্মেদ
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর
unokaliakair@mopa.gov.bd

বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। উপজেলা -----অফিসার, কালিয়াকৈর, গাজীপুর
- ২। পৌর নির্বাহী কর্মকর্তা, কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর
- ৩। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
কালিয়াকৈর, গাজীপুর (গণ বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)
- ৪। চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা-----ইউনিয়ন পরিষদ
কালিয়াকৈর, গাজীপুর
- ৫। সভাপতি/সম্পাদক-----প্রেসক্লাব, কালিয়াকৈর, গাজীপুর
- ৬। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালিয়াকৈর, গাজীপুর
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.gazipur.gov.bd

অত্রীক জরুরী

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.১০২০

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

বিষয়: ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থাকরণ।


সূত্র: জনাব খন্দকার জহিরুল ইসলাম, দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত শহীদদের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েবপেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে নিহত বা নিখোঁজ হয়েছেন বা বেওয়ারিশ লাশ হিসেবে দাফন করা হয়েছে বা আহত হয়ে চিকিৎসাধীন থাকারস্থায়ী মারা গিয়েছেন বা আন্দোলনে সম্পৃক্ত থেকে অন্য কোন ভাবে মৃত্যুবরণ করেছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট মৃত/নিখোঁজ ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তাঁর পরিবারের সদস্য বা আত্মীয়কে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এ দলনেতা বরাবর আবেদন করতে হবে। আগামী ১২/১১/২০২৪ তারিখ হতে ২৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা সরাসরি-২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা-১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে। তবে, ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

এমতাবস্থায়, গণবিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সালমা খাতুন

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর

ফোন: ০২-৪৯২৭৩০১০

E-mail: admngazipur2015@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালীগঞ্জ/কাপাসিয়া/
শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর
- ২। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, গাজীপুর
- ৩। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,
গাজীপুর (গণবিজ্ঞপ্তি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.১০২০

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০২। সহকারী কমিশনার (গোপনীয়), গাজীপুর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। অফিস কপি


অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর